দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 11 AUGUST 2025 , MONDAY | ১১ আগস্ট ২০২৫ , সোমবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-360

## দুষ্কৃতিদের গুলিতে যুব নেতার মৃত্যু, আততায়ীদের গ্রেপ্তারের দাবিতে মিছিল তৃণমূলের




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ১০ আগস্ট : শনিবার কোচবিহারের ডোডেয়ারহাটে প্রকাশ্য দিবালোকে ভরা বাজারে দুষ্কৃতিদের গুলিতে মৃত্যু হয় গ্রাম পঞ্চায়েত প্রধানের ছেলে তথা এলাকার যুব তৃণমূল নেতা অমর রায়ের। এই ঘটনার প্রতিবাদে রবিবার ডাওয়াগুড়ি এলাকায় বিক্ষোভ মিছিল করলো তৃণমূল। এদিনের মিছিলে যোগ দেন সাংসদ জগদীশ চন্দ্র বর্মা বসুনিয়া, তৃণমূলের কোচবিহার জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক সহ অন্যান্য নেতৃত্ব। নিহত যুব নেতার বাড়ী ডাওয়াগুড়ি এলাকায়। এদিন তার মৃত্যুতে শোক প্রকাশ করে ডাওয়াগুড়ি বাজারের সমস্ত দোকানপাট বন্ধ রাখা হয়। অভিজিৎ দে ভৌমিক জানান মিছিল থেকে দোষীদের দ্রুত গ্রেপ্তার ও কঠোর শাস্তির দাবি করা হয়।

## হেরোইন সহ গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ১০ আগস্ট : মুর্শিদাবাদ জেলা পুলিশের লালগোলা থানার পুলিশ শনিবার রাতে গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে একটি স্কুটিতে সওয়ার দুই ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তিদের হেফাজত থেকে উদ্ধার হয় দুশো সাতাশি গ্রাম হেরোইন। স্কুটি ও উদ্ধার করা হেরোইন বাজেয়াপ্ত করে আটক দুই ব্যক্তিকে। গ্রেপ্তার করে পুলিশ। সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে ধৃতদের আদালতে পাঠানো হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## মরেও শান্তি নেই , বেহাল বৈদ্যুতিক চুল্লি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১০ আগস্ট : আলিপুরদুয়ার পৌরসভার গাফিলতির জেরে শোভা গঞ্জ বৈদ্যুতিক চুল্লি বেহাল অবস্থায় পড়ে রয়েছে প্রায় এক মাস ধরে। রবিবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ ওই এলাকায় গিয়ে দেখা গেল বৈদ্যুতিক চুল্লি তে মৃতদহ সৎকার করার কোন ব্যবস্থা নেই। যদিও এলাকার বাসিন্দারা মৃতদেহ নিয়ে বিপাকে পড়েছেন বৈদ্যুতিক চুল্লি ঠিক না থাকায়। প্রায় একমাস আগে ঝড়ের দাপটে ক্ষতিগ্রস্ত হয়েছিল পৌরসভা পরিচালিত বৈদ্যুতিক চুল্লি। রীতিমতো পৌরসভার চেয়ারম্যান একটি নোটিশ জারি করেছিলেন। এক মাস অতিক্রান্ত হয়ে যাচ্ছে কিন্তু বৈদ্যুতিক চুল্লি সংস্কার করার কোন রকম ব্যবস্থা গ্রহণ করছেন না প্রশাসনিক কর্তারা। এর ফলে একদিকে যেমন সাধারণ মানুষ বিপাকে পড়েছেন মৃতদেহ নিয়ে অন্যদিকে জেলা হাসপাতালের মর্গে মৃতদেহ মজুদ হয়ে যাচ্ছে বৈদ্যুতিক চুল্লি ঠিক না থাকায়।

## তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগদান করলো চল্লিশটি পরিবার



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১০ আগস্ট : আলিপুরদুয়ার জেলার ফালাকাটা ব্লকে কুঞ্জনগরে চল্লিশটি পরিবার তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগ দিলো বলে দাবী বিজেপির ফালাকাটা দুই নম্বর মন্ডল কমিটির। জানা গেছে রবিবার দলে নবাগতদের হাতে দলীয় পতাকা তুলে দিয়ে উত্তরীয় পরিয়ে দলে স্বাগত জানান ফালাকাটার বিধায়ক দীপক বর্মন। তৃণমূল এর দূর্নীতি, স্বজন পোষন, রাজ্যে নারী নির্যাতন প্রভৃতি ঘটনায় অতিষ্ঠ হয়ে তারা তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগ দিলেন বলে জানান বিজেপিতে যোগ দান কারী পরিবারের সদস্যরা। অপরদিকে তৃণমূল নেতৃত্ব জানায় তাদের দল ছেড়ে ফালাকাটায় কেউ অন্যদলে যোগ দেয়নি।

# আলিপুরদুয়ারের দুই নির্দল কাউন্সিলর তৃণমূলে যোগ দিলেন




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ আগস্ট : বিধানসভা ভোটের দামামা বাজার আগে ই দলবদল শুরু হয়েছে আলিপুরদুয়ার জেলা জুড়ে। রবিবার আলিপুরদুয়ার পুরসভার দুজন নির্দল কাউন্সিলর তৃণমূলে যোগদান করেছে। এমনটাই জানিয়েছেন জেলা সভাপতি রবিবার বিকেল পাঁচটা নাগাদ। পৌরসভার ১০ ও ২ নম্বর ওয়ার্ডের নির্দল কাউন্সিলর তৃনমূল এ যোগদান করেন। জেলা সভাপতি প্রকাশ চিক বড়াইক জানিয়েছেন এদিন ২ জন কাউন্সিলর দলে যোগ দেন।এদিন তৃনমূলে যোগ দেওয়া নির্দল কাউন্সিলর রা বলেন,কোন চাপ নয়।আমরা কাজ করব বলেই এই দলে যোগ দিলাম। দুজন নির্দল কাউন্সিলর তৃণমূলে যোগ দেওয়ায় তৃণমূল আরও শক্তিশালী হয়ে উঠেছে আলিপুরদুয়ার শহরে।

# যানজটে আটকে পড়ে মৃত্যু মহিলার





মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ আগস্ট : আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়নাতদন্তের পর মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে এমনটাই জানা গেছে পুলিশ সূত্রে রবিবার বিকেল পাঁচটা নাগাদ। রানাঘাট ব্লকের প্রধান পাড়া এলাকার বাসিন্দা কণিকা রায় হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান বীরপাড়া রাজ্য সাধারণ হাসপাতালে নিয়ে যাওয়ার পথে বীরপাড়া লেভেল ক্রসিং এ যানজটে আটকে পড়ে। পুলিশ শনিবার রাতে মৃতদেহ তাদের হেফাজতে নেয়। রবিবার ময়নাতদন্তের পর মৃতদেহ তার পরিবারের হাতে তুলে দেওয়া হয়। উল্লেখ্য কণিকা রায়ের বয়স ২৭ বছর।

# কুমারগ্রাম-আলিপুরদুয়ার ২ প্রেস ক্লাবের মহিলা ফুটবল প্রতিযোগিতা




মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,১০ আগস্ট: ক্ষুদিরাম বসুর আত্মবলিদান দিবসকে সামনে রেখে রবিবার একদিবসীয় মহিলা ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হল কুমারগ্রাম ব্লকের বারবিশায়। কুমারগ্রাম-আলিপুরদুয়ার ২ প্রেস ক্লাবের ব্যবস্থাপনায় বারবিশা হাইস্কুল মাঠে অনুষ্ঠিত ফুটবল প্রতিযোগিতায় মোট ৪টি মহিলা দল অংশগ্রহণ করে। ফুটবল প্রতিযোগিতায় উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের ভাইস চেয়ারম্যান মৃদুল গোস্বামী, কুমারগ্রামের বিধায়ক মনোজকুমার ওরাওঁ, কুমারগ্রাম পঞ্চায়েত সমিতির সভাপতি জুলি লামা, বারবিশা পুলিশ ফাঁড়ির ওসি সুব্রত সরকার, প্রবীণ সাংবাদিক রমেন দে সহ এলাকার বিশিষ্টজনেরা। ফাইনালে মাঠে নামে কামাখ্যাগুড়ি স্পোর্টস অ্যাকাডেমি ও সংকোশ চা-বাগানের রাইসিং স্টার ক্লাব। খেলার নির্ধারিত সময় গোল শূন্য থাকায় টাইব্রেকারের সাহায্য নেওয়া হয়। টাইব্রেকারে ৫-৪ গোলে জয়লাভ করে কামাখ্যাগুড়ি স্পোর্টস অ্যাকাডেমি। এদিনের মহিলা ফুটবল প্রতিযোগিতাকে ঘিরে ফুটবলপ্রেমীদের মধ্যে ব্যাপক উৎসাহ লক্ষ্য করা যায়। চ্যাম্পিয়ন ও রানার্স - উভয় দলেরই হাতেই ট্রফি তুলে দেওয়া হয়েছে।



# ছিনতাইয়ের ঘটনার অভিযোগ দায়েরের কুড়ি মিনিটের মধ্যেই দুই ছিনতাইকারীকে গ্রেপ্তার করলো পুলিশ




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১০ আগস্ট : মোবাইল ছিনতাই এর ঘটনার অভিযোগ দায়েরের কুড়ি মিনিটের মধ্যেই মোবাইল সহ দুই ছিনতাইকারীকে গ্রেপ্তার করলো জলপাইগুড়ি জেলা পুলিশের রাজগঞ্জ থানার অন্তর্গত বেলাকোবা ফাঁড়ির পুলিশ। জানা গেছে রবিবার দুপুরে একটি মোটরবাইকে করে দুই যুবক এসে এক মহিলার মোবাইল ফোন ছিনতাই করে পালায়। মহিলা চীৎকার করতে শুরু করেন। তারপর বেলাকোবা ফাঁড়িতে গিয়ে অভিযোগ দায়ের করেন। মহিলা জানান তিনি রাস্তা ধরে যাচ্ছিলেন সে সময় দুই যুবক মোটর বাইকে করে এসে তার মোবাইল ফোনটি চায় কোথাও ফোন করবে বলে। তারা জানায় তাদের মোবাইলে চার্জ নেই। মহিলা মোবাইল ফোনটি দেন। একটি ছেলে ফোন করে কারো সাথে কথা বলতে বলতে মোটরবাইক স্টার্ট দিয়ে মোবাইল ফোন নিয়ে পালাতে শুরু করে। মহিলা চীৎকার করতে শুরু করলে স্থানীয় ব্যবসায়ীরা তাকে বলেন ফাঁড়িতে অভিযোগ জানাতে। মহিলা ফাঁড়িতে অভিযোগ জানান। অভিযোগ পেয়ে পুলিশ সাথে সাথে মোটর সাইকেল করে অভিযানে নেমে বেলাকোবা থেকে কিছু দূরে বটতলা মোড়ের কাছে দুই ছিনতাইকারীকে মোটরবাইক সহ পাকড়াও করে, উদ্ধার হয় মোবাইল ফোনটি। ধৃত দুই যুবকের নাম কৌশিক মালিক ও রাহুল চৌধুরী, দুজনেই রাজগঞ্জের দেবী ঠাকুরবাড়ির বাসিন্দা। তারা মোটর সাইকেলের নম্বর প্লেটটি কাদা মাটি দিয়ে ঢেকে রেখেছিলো। পুলিশ সূত্রে জানা গেছে ধৃতদের সোমবার জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হবে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# আলিপুরদুয়ার পুর হলে তৃণমূলের রাজনৈতিক সভা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ আগস্ট : ২০২৬ এর বিধানসভাকে পাখির চোখ করে ময়দানে নামছে শাসক দল।রবিবার আলিপুরদুয়ার পুর হলে তৃনমূল একটি রাজনৈতিক সভার আয়োজন করে। এমনটাই জানা গেছে নেতৃত্বের কাছ থেকে রবিবার বিকেল পাঁচটা নাগাদ। বিধানসভা ভোটে কিভাবে দল এগোবে তা নিয়ে এই সভায় আলোচনা হয়েছে।এদিন আলিপুরদুয়ারে তৃনমূলের জেলা সভাপতি প্রকাশ চিক বড়াইক বলেন,কিছু নির্দেশ কর্মীদের দেওয়া হয়েছে।সামনে বিধানসভা নির্বাচন।বুথে বুথে ১০ লক্ষ টাকা দেওয়া হয়েছে।রাস্তা ও ড্রেন সহ উন্নয়নের কাজ হবে। বলতো বিধানসভা ভোটকে সামনে রেখেই তাদের এই রাজনৈতিক সভা অনুষ্ঠিত হয়েছে।

EIYUG
NEWSPAPER PUBLISHING HOUSE
GRAPHIC DESIGN WORK
* NEWSPAPER
* MAGAZINE
* ALL PAGE
* BOOK
* VISITING CARD
* INVITE CARD
* CARD
* FLEX
* POSTER
* CARTOON
* LOGO
PUBLISHING WORK
NEWSPAPER ✻ MAGAZINE ✻ BOOK
For Work
CONTACT NO: 9836753622
Email: eiyugnewspaperpublishinghouse@gmail.com

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |